

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৫৫

তারিখ : ১৬ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ২২ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোছাঃ আমিনা বেগম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :


- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....

.....

নাগেশ্বরী, কুড়িগ্রাম।



(ডাঃ মোঃ হাবিবুর রহমান)

সদস্য সচিব

উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক কমিটি

ও

উপজেলা প্রাণীসম্পদ অফিসার

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উপ্রাসঅ/নাগ/কুড়ি/২০২১/ ৫৫(৩)

তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

স্বাক্ষরিত

(ডাঃ মোঃ হাবিবুর রহমান)

সদস্য সচিব

উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক কমিটি

ও






উপজেলা প্রাণীসম্পদ অফিসার

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

- বিষয় : উপজেলা মৎস্য ও প্রাণী বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোছাঃ আমিনা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।
তারিখ : ২২ আগস্ট ২০২১ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ টা
স্থান : উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১	মোছাঃ আমিনা বেগম মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সভাপতি		
২	চেয়ারম্যান, রামখানা ইউনিয়ন, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য		
৩	চেয়ারম্যান, কালীগঞ্জ ইউনিয়ন, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য		
৪	উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য		
৫	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য সচিব		

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ৪-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা প্রাণিসম্পদ অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।


সিদ্ধান্ত ৪ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, অত্রাফিসের অনুকূলে বিগত অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করা হয়েছে। চলতি অর্থ বছরের জন্য বরাদ্দ আসলে তা যথসময়ে সভায় উপস্থাপন করা হবে।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান আগামী ২৮ আগস্ট হতে ০৩ সেপ্টেম্বর জাতীয় মৎস্য সপ্তাহ/২০২১ পালন হয়। উক্ত সময়ে বিভিন্ন প্রাতিষ্ঠানিক ও খাস পুকুর/জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ কার্যক্রম গ্রহণ করা হবে। সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান মাঠ পর্যায়ে বিভিন্ন গবাদি পশু, হাঁস-মুরগির, টিকা প্রদান কার্যক্রম নিয়মিত ভাবে চলছে।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, রামখানা ইউপি জানান যে, নাগেশ্বরী উপজেলায় কোন কলকারখানা না থাকায় বেকার সমস্যা প্রকট। বেকার সমস্যা সমাধানে মৎস্য ও প্রাণিসম্পদ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এজন্য মৎস্য ও গবাদি পশু পালনে মানুষকে উদ্বুদ্ধকরণে প্রচার প্রচারণা করা জরুরী। গ্রাম পর্যায়ে বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা জোরদার করা প্রয়োজন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।



(মোছাঃ আমিনা বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।